# পরিচালনা পর্ষদের প্রতিবেদন
# Report of the Board of Directors

বিস্‌মিল্লাহির রাহমানির রাহিম
সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

আসসালামু আলাইকুম। সফকো স্পিনিং মিলস্ লিঃ এর ২৩তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দকে পরিচালনা পর্ষদের পক্ষ থেকে স্বাগতম। আমি আপনাদের সকলকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। আপনাদের সদয় উপস্থিতি এবং এই সভার কার্যক্রমে অংশ গ্রহন সভাকে পরিপূর্ণতা দিবে বলে বিশ্বাস করি। এই সাথে আমি ৩০ জুন ২০১৭ইং সমাপ্ত ১২ মাসের নিরীক্ষকের প্রতিবেদন সহ নিরীক্ষিত হিসাব ও কোম্পানীর বাৎসরিক কার্যক্রমের উপর পরিচালনা পর্ষদের প্রতিবেদন উপস্থাপন করছি।

**শিল্প সম্পর্কিত অবহিতি:**

সফকো স্পিনিং মিল ১৯৯৬ সনে উৎপাদনে যাওয়ার পর থেকে স্থানীয় বাজারে নিয়মিত উৎপাদিত সূতা সরবরাহ করে আসছে। সফকো স্পিনিং মিলে উৎপাদিত বিভিন্ন কাউন্টের সুতা স্থানীয় বুনন ও পোষাক শিল্পে ব্যবহৃত হয়। বর্তমানে দেশে স্থানীয়ভাবে ব্যবহার উপযোগী সূতা উৎপাদনকারী মিলের সংখ্যা অনেক। অনেক পুরানো মিল বি এম আরই করে এবং নূতন ভাবে উন্নত মেশিনারী দ্বারা আধুনিক মিল প্রতিষ্ঠা করে অনেকে স্থানীয় বাজারের সূতা সরবরাহ করে আসছে। ফলে বাজারে উন্নত গুনগত মান সম্পন্ন সূতার প্রাপ্যতা আছে। তর পরেও ভাল সূতার চাহিদা যথেষ্ট এবং প্রতিযোগিতাও অনেক বেশী।

আপনারা অবগত আছেন যে, দীর্ঘ দিনের পুরানো মেশিনারীজ এর কর্মক্ষমতা কমে যাওয়ায় মিলের মেশিনগুলোর সংস্কার ও পরিবর্তন প্রয়োজনীয় হয়ে পরে। এ পরিপ্রেক্ষিতে আমরা একটি ব্যাংক এর আর্থিক সহায়তায় মিলের বিএমআরই এর কাজে হাত দেই যাহা ২২তম বার্ষিক সাধারণ সভায় অবহিত করা হয়। গত এজিএম এ আমরা বলেছি যে, প্রয়োজনীয় আর্থিক সহায়তার জন্য আমরা বিভিন্ন ব্যাংকের সহযোগিতা কামনা করেছি। এই প্রচেষ্টারই ফলশ্রুতিতে আমরা এন,আর,বি, ব্যাংক লিঃ থেকে আর্থিক ঋণ মঞ্জুরী গ্রহন করি।

এন আর বি ব্যাংক হতে প্রাপ্ত আর্থিক মঞ্জুরী হতে কিছু সংখ্যক পুরানো স্পিনিং ফ্রেইমের জায়গায় ২০,০০০ স্পিন্ডেলের ৪০টি নূতন স্পিনিং ফ্রেইম এবং ৩৬০ ড্রামের ৫টি নূতন অটোকোন, দুইটি কমপ্রেসার আমদানী করা হয় যাহার স্থাপনার কাজ শেষ হয়েছে। এর সাথে প্রয়োজনীয় স্লাইভারকোন, সিমপ্লেক্স ববিন এবং রক্ষণাবেক্ষণ কাজের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে। এছাড়া পুরানো স্পিনিং ফ্রেইম এবং ব্যাক প্রসেসের কিছু কিছু মেশিনের প্রয়োজনীয় যন্ত্রাংশ ক্রয় করে সে সকল মেশিনের বিএমআরইর কাজ করা হয়েছে। নূতন মেশিন বসানো এবং বিএমআরআই এর কাজ ২০১৫ইং থেকে শুরু হয়েছে যাহা ২০১৬ সালের শেষে সমাপ্ত হয়েছে। ২০১৬ এর শেষ দিকে এই কাজগুলি শেষ হওয়ার পর যদিও মিলের উৎপাদন কিছুটা বৃদ্ধি পেয়েছে এবং গুনগতমানও বেড়েছে, কিন্তু বাকী অনেক পুরানো মেশিনের পূন:সংস্কার করা সত্ত্বেও কার্যকারিতা বা মেশিনের উৎপাদনশীলতার তেমন উল্লেখযোগ্য উন্নতি ঘটে নাই। ফলে মিলে ব্লো রুম সহ আরো অনেক পুরানো মেশিন রয়ে গেছে যাহার অনেকগুলির পরিবর্তন প্রয়োজন অথবা নূতন মেশিন সংযোজন করা প্রয়োজন। এ ব্যাপারে আমরা গত এজিএমএ আপনাদেরকে কিছু ধারনা দিয়েছি এবং অবহিত করেছি।

পুরানো মেশিন এবং স্থাপনার সংস্কারের কাজের জন্য মিলের উৎপাদনের স্বাভাবিক কার্যক্রম বেশ কিছুটা বাধাগ্রস্থ হয়েছে। এসকল কারনে মিলের মোট উৎপাদন ও আয় তেমন উল্লেখযোগ্য ভাবে বাড়তে পারে নাই। তবে বর্তমান এ পরিস্থিতিতে বিভিন্ন ধরনের সমস্যা মোকাবিলা করে এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সুদক্ষ পরিচালনায় এবং কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের ঐকান্তিক প্রচেষ্টায় এবং আপনাদের মূল্যবান পরামর্শ অনুযায়ী কাজ করে প্রতিকুল অবস্থার মাঝেও উৎপাদন সচল রেখে এবং বিক্রয়ের ধারা চালু রেখে এ চলতি বছরেও কোম্পানী মুনাফা অর্জন করতে সক্ষম হয়েছে যদিও তাহা তেমন উল্লেখ করার মত কিছু নয়।

### শিল্পের ভবিষ্যৎ পরিকল্পনাঃ-

মিলের প্রয়োজনীয় বাকী মেশিনারীর সংস্কার এবং আরো কিছু পুরানো মেশিনের পরিবর্তে নতুন মেশিন ক্রয় করার জন্য যে পরিমান অর্থের প্রয়োজন তাহা এন,আর,বি ব্যাংক হতে জোগার করা সম্ভব হয় নাই বিধায় আমরা ব্যাংক এশিয়ার সাহায্য নেই। ব্যাংক এশিয়া এন,আর,বি ব্যাংকের সকল দায়দেনা পরিশোধ করে সফকো স্পিনিং মিলের দায়িত্ব টেইক অভার করে এবং প্রয়োজনীয় নূতন মেশিনারী ক্রয় করার জন্য এবং কাঁচামাল ক্রয়ের জন্য প্রয়োজনীয় আর্থিক সহায়তা মঞ্জুর করেন।

### ব্যাংক এশিয়া কর্তৃক মঞ্জুরীকৃত ঋণের ছক নিম্নে দেওয়া গেলঃ-

| | |
|---|---|
| এনআরবি ব্যাংকের ঋণ পরিশোধ বাবদ | টাকা ৫৩,০০,০০,০০০.০০ |
| মেশিনারী আমদানী ও লোকাল মেশিনারী ক্রয় এবং চলতি মূলধন বাবদ | টাকা ৩৪,০০,০০,০০০.০০ |
| মোট | টাকা ৮৭,০০,০০,০০০.০০ |

এই বৎসরে ব্যাংক এশিয়ার আর্থিক সহায়তা নিয়ে মিলে কতকগুলি নূতন মেশিনারী যথা- একটি আধুনিক ব্লো রুম, ড্র ফ্রেইম, সিমপ্লেক্স ফ্লাইফ্রেইম ও ৪০টি নূতন স্পিনিং ফ্রেইম, অটোকোন ক্রয় করে পুরাতন মেশিনের সাথে সংযোজন করা হবে এবং নূতন একটি গ্যাস জেনারেটর ক্রয় করে বর্তমান ২টি পুরানো জেনারেটর এর সাথে সংযোজন করে বিদ্যুৎ সরবরাহ সুসংহত করা হবে। ক্ষয়ে যাওয়া ও নষ্ঠ হয়ে যাওয়া যন্ত্রপাতিগুলির স্থলে নূতন যন্ত্রপাতি ক্রয় করে প্রতিস্থাপন করে ওয়েষ্ট কালেকশন ও এ,সি প্লান্টগুলিকে নূতনভাবে কর্মক্ষম করা হবে। এ সকল মেশিন সংগ্রহ করে নূতন ভাবে সংযোজন এবং ক্ষেত্র বিশেষে পুরানো মেশিনের স্থলে প্রতিস্থাপন করা সহ বাকী বিএমআরই কাজ আগামী ২০১৮ সনের আগষ্ট-সেপ্টেম্বর এ শেষ হবে বলে আশা করা যায়। নূতন মেশিন এর অনেক গুলির স্থাপনার স্থান সংকুলানের জন্য মিলে ১৬০০০ বর্গ ফুটের একটি নূতন শেড/বিল্ডিং এর নির্মাণ কাজ হাতে নেয়া হয়েছে এবং বর্তমানে নির্মাণ কাজ চলছে।

নতুন মেশিনের সংযোজন সহ বাকী মেশিনের বিএমআরই কাজ গুলো সম্পন্ন হওয়ার পরেই মিলের যথেষ্ঠ উন্নতি হবে এবং উল্লেখযোগ্য উৎপাদন বাড়বে বলে আমরা আশা করি। তবে নূতন মেশিনারী সংগ্রহ ও স্থাপনা, পরিবর্তন পরিবর্ধন করতে বৎসরাধিক কাল সময় লেগে যাবে বলে চলতি বৎসর এর সুফল লাভ করা যাবে না। তাই আগামী বৎসরেও কোম্পানী উল্লেখযোগ্য কোন লাভ করতে পারবে না বলে ধারনা করি। এ সকল ব্যাপারে সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের সহযোগিতা ও সুপরামর্শ কামনা করি।

### খাতওয়ারী অথবা পণ্যভিত্তিক ফলাফল:

বার্ষিক প্রতিবেদনের হিসাবের নোট নং- ২০ এ খাতওয়ারী অথবা পণ্যভিত্তিক ফলাফল বর্ণনা করা হয়েছে।

### ঝুকি ও উদ্বিগ্নতাসমূহ:

আমাদের দেশে বিভিন্ন আবহাওয়াগত কারণে এবং রাজনৈতিক ও সামাজিক পরিস্থিতির অনিশ্চয়তা জনিত কারণে দেশের সকল শিল্পকেও ঝুঁকি ও অনিশ্চয়তার মধ্য দিয়ে চলতে হয়। সফকো স্পিনিং মিল একটি সূতা উৎপাদনকারী মিল এবং এই মিলের উৎপাদন সরাসরি আমদানীকৃত কাঁচামাল তুলা ও পলিয়েষ্টার ফাইবার এর উপর নির্ভরশীল। তুলা ও পলিয়েষ্টার ফাইবার উভয়ই আমদানীতব্য কাঁচামাল বিধায় এর মূল্য আন্তর্জাতিক বাজারে যে কোন সময় পরিবর্তনশীল, সেহেতু মিলের উৎপাদন ও লাভ লোকসান আমদানীকৃত কাঁচামালের মূল্য তারতম্যের কারনে সর্বদা ঝুঁকি ও অনিশ্চয়তার মধ্যে থাকে। এ ছাড়া বিদ্যুৎ ঘাটতি, চরম রাজনৈতিক অস্তিতিশীলতা, ফসল তোলার মৌসুমে শ্রমিকের অনেকে অনুপস্থিতির ফলশ্রুতিতে মিলের উৎপাদন বিঘ্নিত হতে পারে এবং তহবিল ব্যয় বেড়ে যেতে পারে। শিল্প খাতে বিদ্যুৎ ও গ্যাসের মূল্য ক্রমাগত বাড়ছে। এ ছাড়া শ্রমিক কর্মচারীদের বেতন ভাতা বছরে বছরে বাড়ছে। শিল্পের ঝুঁকি ও উদ্বিগ্নতাসমূহ সরকারের গৃহিতব্য নীতি নির্ধারনের উপরও যথেষ্ট মাত্রায় নির্ভরশীল। এমতাবস্থায় অন্যান্য স্পিনিং মিলের মত সফকো স্পিনিং মিলকেও এ সকল ঝুঁকিও অনিশ্চয়তাকে মেনে নিয়েই এগিয়ে যেতে হচ্ছে এবং ভবিষ্যতেও এগিয়ে যেতে হবে ইনশাল্লাহ্।

### বিক্রিত পণ্যের ব্যয় বিশ্লেষণ, মোট প্রান্তিক মুনাফা এবং নীট প্রান্তিক মুনাফা:

| বিবরণ | ৩০ জুন, ২০১৭ | ৩০ জুন, ২০১৬ |
|---|---|---|
| বিক্রিত পণ্যের ব্যয় | ৪৩১,০০৭,১৩৬ | ৩১৩,৯৩৬,২৮৮ |
| মোট মুনাফা | ৯১,৪২০,৮৯৪ | ৫৪,০৭৫,১৫০ |
| নীট মুনাফা | ১১,১০২,৯৬১ | ৭৩,৪৯,৫৫৩ |

**অস্বাভাবিক লাভ বা ক্ষতি:**
এ বৎসর বাস্তবিক প্রাপ্ত কোন অস্বাভাবিক লাভ বা ক্ষতি নেই।

**আন্ত:সম্পর্কিত কোম্পানীর লেনদেন সমূহ:**
আন্ত:সম্পর্কিত লেনদেনসমূহ কোন বিশেষ সুবিধা ব্যতীত আর্ম লেনথ্ ব্যাসিস এ সম্পন্ন করা হয়েছে।
বার্ষিক প্রতিবেদনের হিসাবের নোট নং ২৬ এ আন্ত:সম্পর্কিত কোম্পানীর লেনদেন সমূহ বর্ণনা করা হয়েছে।

**পাবলিক ইস্যু অথবা রাইট ইস্যু হতে প্রাপ্ত তহবিলের ব্যবহার:**
এ বছর কোন পাবলিক ইস্যু অথবা রাইট ইস্যু হয় নাই।

**ইনিশিয়াল পাবলিক অফারিং (আইপিও), রিপিট পাবলিক অফারিং (আরপিও), রাইট অফার, ডাইরেক্ট লিষ্টিং ইত্যাদি অর্থ বা তহবিল প্রাপ্তির পর কোম্পানীর আর্থিক অবস্থা:**
ইনিশিয়াল পাবলিক অফারিং (আইপিও) সম্পন্ন হয়েছে ১৯৯৮ সালে। পরবর্তীতে কোন রিপিট পাবলিক অফারিং (আরপিও), রাইট অফার,ডাইরেক্ট লিষ্টিং ইত্যাদি করা হয় নাই।

**বার্ষিক আর্থিক বিবরণী এবং ত্রৈমাসিক আর্থিক অবস্থার বিবরণীর মধ্যে পার্থক্য:**
বার্ষিক আর্থিক বিবরণী এবং ত্রৈমাসিক আর্থিক অবস্থার বিবরণীর মধ্যে নিম্নোক্ত পার্থক্য পরিলক্ষিত হয়-

- চতুর্থ ত্রৈমাসিক প্রতিবেদনে বিক্রয় হিসাবে প্রর্দশিত হয় ১১.১২ কোটি টাকা, যেখানে শেয়ার প্রতি অর্জন দাড়ায় ০.২০ টাকা। কিন্তু প্রথম ত্রৈমাসিক প্রতিবেদনে বিক্রয় হিসাবে প্রদর্শিত হয়েছিল ১৫.১১ কোটি টাকা। যেখানে শেয়ার প্রতি অর্জন ছিল ০.০৯ টাকা।
- চতুর্থ ত্রৈমাসিক প্রতিবেদনে বিক্রয় ২৬.৪১% হ্রাস পাওয়া সত্বেও শেয়ার প্রতি অর্জন ০.১১ টাকা বৃদ্ধির কারণ হচ্ছে-
  - বিক্রিত পণ্যের ব্যয় হ্রাস পাওয়া
  - প্রশাসনিক ও অর্থনৈতিক ব্যয় হ্রাস ইত্যাদি।

**স্বতন্ত্র পরিচালক সহ পরিচালকদের পারিশ্রমিক:**
বার্ষিক প্রতিবেদনের হিসাবের নোট নং ২৬ এ স্বতন্ত্র পরিচালক সহ পরিচালকদের পারিশ্রমিক বর্ণনা করা হয়েছে।

**আর্থিক প্রতিবেদনের উপর পরিচালকগণের বিবৃতি:**
ক) সফকো স্পিনিং মিলস লিঃ এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত আর্থিক বিবরণীতে কোম্পানীর আর্থিক অবস্থা, কার্যক্রমের ফলাফল, নগদ প্রবাহ এবং মূলধনের পরিবর্তন সঠিকভাবে উপস্থাপন করা হয়েছে।
খ) কোম্পানীর হিসাব বহি সমূহ যথাযথ ভাবে সংরক্ষন করা হয়েছে।
গ) আর্থিক বিবরণী প্রস্তুতিতে যথোপযুক্ত হিসাবনীতি সমূহ ধারাবাহিক ভাবে প্রয়োগ করা হয়েছে এবং হিসাব গত পরিমাপক সমূহ যুক্তিযুক্ত ও বিচক্ষন সিদ্ধান্তের উপর প্রতিষ্ঠিত।
ঘ) ইন্টারন্যাশনাল একাউন্টিং স্ট্যান্ডার্ড (আইএএস) যা বাংলাদেশে প্রযোজ্য তা অনুসরণ করে আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়েছে এবং কোথাও কোন ব্যত্যয় থাকলে তা যথাযথ ভাবে প্রকাশ করা হয়েছে।
ঙ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সুসংহত কার্যকর ভাবে বাস্তবায়ন ও পর্যবেক্ষন করা হয়েছে।
চ) কোম্পানীর চলমান অস্তিত্বের সামর্থ্যের ক্ষেত্রে কোনরূপ তাৎপর্যপূর্ণ সন্দেহের অবকাশ নাই।

**গত বৎসরের পরিচালনগত ফলাফলের সাথে চলতি বৎসরের ব্যবধান:**
গত বৎসরের পরিচালনগত ফলাফলের সাথে চলতি বৎসরের নিম্নোক্ত ব্যবধান পরিলক্ষিত হয়-

- বিক্রয় আয় গত বছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে যার কারণ হচ্ছে-
  - বিক্রয় বৃদ্ধি
  - চাহিদা বৃদ্ধি
  - পরিচালনা ও বিজ্ঞাপন ব্যয় হ্রাস।
- মোট মুনাফা অনুপাত গত বছরের তুলনায় ৩% বৃদ্ধি পেয়েছে
  - বিক্রয় বৃদ্ধি
  - পরিচালনা ও বিজ্ঞাপন ব্যয় হ্রাস।

**চলমান প্রতিষ্ঠান ধারণা:**
কোম্পানির পরিচালকবৃন্দ মতামত পোষণ করেন যে, অত্র প্রতিষ্ঠানের অদূর ভবিষ্যতে ব্যবসা পরিচালনা করার মত পর্যাপ্ত সক্ষমতা রয়েছে। এমন কোন কারণ পরিলক্ষিত হয় নি যার কারণে অদূর ভবিষ্যতে ব্যবসা বন্ধ হয়ে যেতে পারে।
বার্ষিক প্রতিবেদনের হিসাবের নোট নং ২.১ এ কোম্পানীর চলমান প্রতিষ্ঠান ধারণা সম্পর্কে বর্ণনা করা হয়েছে।

## পূর্ববর্তী পাঁচ বৎসরের মূখ্য পরিচালন এবং অর্থনৈতিক উপাত্তের তুলনামূলক চিত্র তুলে ধরা হল:

| বিবরণ | ২০১৬-২০১৭ | ২০১৬ (পূণ:নির্ধারিত) | ২০১৪ (পূণ:নির্ধারিত) | ২০১৩ | ২০১২ |
|---|---|---|---|---|---|
| টার্ণ ওভার | ৫২২,৪২৮,০৩০ | ৩৬৮,০১১,৪৩৮ | ৩৫৬,৬৩১,৩৩৭ | ৩৪৮,৮৭২,১২১ | ৩৪৭,৬৬১,৪৩৯ |
| মোট মুনাফা/(ক্ষতি) | ৯১,৪২০,৮৯৪ | ৫৪,০৭৫,১৫০ | ৭২,২৬৪,৩০৮ | ৬০,৯৯০,৬৪৮ | ৫৯,৭৬৯,১৪৮ |
| কর পূর্ববর্তী নীট মুনাফা/(ক্ষতি) | ১৭,৯৮৬,৪৬০ | ৮,৫৪০,৯৫১ | ৩৮,৬১২,৩৬২ | ৩১,৫৫৬,৪২২ | ২৫,১০৪,৬৭৩ |
| কর পরবর্তী নীট মুনাফা/(ক্ষতি) | ১১,১০২,৯৬১ | ৭,৩৪৯,৫৫৩ | ৩৮,১২৯,৫২৫ | ২৫,৫৪৫,৬৭৫ | ২১,৩৩৮,৯৭২ |
| মোট মুনাফা অনুপাত | ১৭.৪৯% | ১৪.৬৯% | ১৯.৭৬% | ১৭.৪৮% | ১৭.১৯% |
| নীট মুনাফা অনুপাত | ২.১৩% | ২.০০% | ১০.৬৯% | ৭.৩২% | ৬.১৪% |
| বিক্রিত পণ্যের ব্যয় অনুপাত | ৮২.৫১% | ৮৫.৩১% | ৮০.২৪% | ৮২.৫২% | ৮২.৮১% |
| শেয়ার প্রতি অর্জন | ০.৪০ | ০.২৬ | | | |

**লভ্যাংশ ঘোষণা:**
পরিচালনা পর্ষদ কোম্পানীর অর্জনের সাথে সঙ্গতি রেখে এবং সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের প্রয়োজনের কথা বিবেচনা করে ১০ টাকা মূল্যমানের প্রতিটি সাধারণ শেয়ারের জন্য ০৪% হারে স্টক (বোনাস শেয়ার) লভ্যাংশ ঘোষণার জন্য সুপারিশ করেছেন।

**পরিচালক নির্বাচন:**
কোম্পানীর পরিচালক জনাব সৈয়দ সাকেব আহমেদ এবং পরিচালক জনাব সৈয়দা মোমেনা বেগম সংঘবিধির ১১০ ধারা অনুযায়ী অবসর গ্রহন করেছেন। পরিচালকবৃন্দ স্বপদে পুন:নির্বাচিত হওয়ার যোগ্য বিধায় পুনরায় নিয়োগ লাভের ইচ্ছা পোষণ করেছেন। উপরে বর্ণিত পরিচালকবৃন্দের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত ও তথ্যাদি বিএসইসির নোটিফিকেশন অনুযায়ী নিম্নে বিবৃত হল:

**জনাব সৈয়দ সাকেব আহমেদ:**
জনাব সৈয়দ সাকেব আহমেদ ইউ এসএ থেকে ইন্ডাষ্ট্রিয়াল এন্ড ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং বিষয়ে বি,এসসি ইঞ্জিনিয়ারিং এবং অপারেশনস্ ম্যানেজমেন্ট বিষয়ে এম,এসসি ডিগ্রি অর্জন করেন। তিনি সফকো স্পিনিং মিলস্ লিঃ এর পরিচালক, সায়হাম জুট মিলস্ লিঃ এর চেয়ারম্যান এবং সায়হাম মাল্টি ফাইবার টেক্সটাইলস্ লিঃ সিইও পদে অধিষ্ঠিত আছেন। বর্তমানে তিনি সফকো স্পিনিং মিলস্ লিঃ এর অডিট কমিটির একজন সদস্য। তিনি সফকো ও সায়হামে যোগদান করার পূর্বে ম্যাটেগ ও এমানা এপ্লাইয়েন্সেস এর মতো প্রখ্যাত ইউএস প্রতিষ্ঠান সমূহে দীর্ঘ ০৫ বছর যাবৎ ইন্ডাষ্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং ম্যানেজার হিসেবে কর্মরত ছিলেন।
তিনি দীর্ঘ ১০ বছর যাবৎ সফকো ও সায়হামের বিভিন্ন ব্যবসার অপারেশন ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট আছেন। তিনি ইউএসএ, কানাডা, দক্ষিন আমেরিকা, ইউকে, ফ্রান্স, সুইজারল্যান্ড, হল্যান্ড, মিলর, সৌদিআরব, ইউএই, ইন্ডিয়া,শ্রীলঙ্কা, থাইল্যান্ড, সিঙ্গাপুর, মালয়েশিয়া, অষ্ট্রেলিয়া, চায়না, হংকং সহ বিশ্বের বিভিন্ন দেশে ব্যবসায়িক কাজে ভ্রমন করেছেন।

**জনাব সৈয়দা মোমেনা বেগম:**
জনাবা সৈয়দা মোমেনা বেগম ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রি অর্জন করেন। তিনি সফকো স্পিনিং মিলস্ লিঃ এর পরিচালক পদে অধিষ্ঠিত আছেন। এ ছাড়া বর্তমানে তিনি সফকো স্পিনিং মিলস্ লিঃ এর অডিট কমিটির একজন সদস্য। মার্কেটিং, পণ্য

**বোর্ড সভা:**

২০১৬-২০১৭ইং সনে সর্বমোট ৯(নয়)টি বোর্ড সভা অনুষ্ঠিত হয়।

## ২০১৬-২০১৭ ইং সনে অনুষ্ঠিত বোর্ড সভা এবং পরিচারকবৃন্দের উপস্থিতির তালিকা নিম্নরূপ:

| ক্রমিক নং | পরিচালকের নাম | পদবী | অনুষ্ঠিত বোর্ড সভা | উপস্থিতি |
|---|---|---|---|---|
| ০১ | জনাব এস,এ,কে,এম, সেলিম | চেয়ারম্যান | ৯ | ৯ |
| ০২ | জনাব এস,এ,বি,এম, হুমায়ুন | ব্যবস্থাপনা পরিচালক | ৯ | ৯ |
| ০৩ | জনাব সৈয়দ সাকেব আহমেদ | পরিচালক | ৯ | ৯ |
| ০৪ | জনাবা সৈয়দা মোমেনা বেগম | পরিচালক | ৯ | ৭ |
| ০৫ | জনাব মোহাম্মদ মোফাচ্ছেল আলী | স্বতন্ত্র পরিচালক | ৯ | ৮ |

**শেয়ারহোল্ডিং সংক্রান্ত বিবরণ:**

| **নাম অনুসারে বিবরণ** | | | **শেয়ার সংখ্যা** |
|---|---|---|---|
| ক) প্যারেন্ট/ সাবসিডিয়ারী/এসোসিয়েটেড কোম্পানী এবং অন্যান্য সম্পর্কিত পার্টি সমূহ: | | | |
| খ) পরিচালকবৃন্দ: | | | |
| জনাব এস, এ, বি, এম, হুমায়ুন | - | ব্যবস্থাপনা পরিচালক | ২২,৬৫,৩৫১ |
| জনাব এস, এ, কে, এম, সেলিম | - | পরিচালক | ২৬,৬৩,৬২০ |
| জনাব সৈয়দ সাকেব আহমেদ | - | পরিচালক | ৮,২১,৩৫৮ |
| জনাবা সৈয়দা মোমেনা বেগম | - | পরিচালক | ৬,০৭,৫৮০ |
| গ) প্রধান অর্থ কর্মকর্তা, কোম্পানী সচিব ও অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধান: | | | - |
| ঘ) নির্বাহীবৃন্দ: | | | - |
| ঙ) কোম্পানীতে ১০(দশ) শতাংশ অথবা তার চেয়ে বেশী ভোটের অধিকারী শেয়ারহোল্ডারবৃন্দ: | | | - |

**অডিট কমিটি:**

কোম্পানীর পরিচালনা পর্ষদের একটি উপ কমিটি হিসাবে পুনঃগঠিত অডিট কমিটির বিবরণ নিম্নরূপ ঃ

| | | | | |
|---|---|---|---|---|
| জনাব মোহাম্মদ মোফাচ্ছেল আলী | - | স্বতন্ত্র পরিচালক | : | চেয়ারম্যান |
| জনাব সৈয়দ সাকেব আহমেদ | - | পরিচালক | : | সদস্য |
| জনাবা সৈয়দা মোমেনা বেগম | - | পরিচালক | : | সদস্য |

**অডিট কমিটির প্রতিবেদন:**

অডিট কমিটি বছরব্যাপী স্বীয় অডিট কার্যক্রমে কোনরূপ উদ্বেগ বা অনিয়মের সন্ধান পান নাই মর্মে পরিচালনা পর্ষদের নিকট প্রতিবেদন পেশ করেছেন। অডিট কমিটির রিপোর্ট অত্র প্রতিবেদনের এনেক্সার II এ সংযুক্ত করা হয়েছে।

## নিরীক্ষক নিয়োগ:

কোম্পানীর বর্তমান নিরীক্ষক মেসার্স মালেক সিদ্দিকী ওয়ালী এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস অত্র সভায় নির্দিষ্ট মেয়াদ উত্তীর্ণ করেছেন। ঢাকা ষ্টক এক্সচেঞ্জ (লিষ্টিং) রেগুলেশন, ২০১৫ইং অনুযায়ী মেসার্স মালেক সিদ্দিকী ওয়ালী এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস কোম্পানীর নিরীক্ষক হিসেবে ২০১৭-২০১৮ ইং অর্থ বছরের জন্যপুন:নিয়োগ লাভের ইচ্ছা প্রকাশ করেছেন।

**কর্পোরেট গভার্নেন্স কমপ্লায়েন্স প্রতিবেদন:**
বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন অনুযায়ী ৬ নং ধারা অনুসারে সিইও এবং সিএফও কর্তৃক প্রত্যায়ন পত্র, ৭(১) ধারা অনুসারে প্রফেশনাল একাউন্ট্যান্ট কর্তৃক প্রত্যায়ন পত্র এবং ৭(২) ধারা অনুসারে কর্পোরেট গভার্নেন্স প্রতিপালন প্রতিবেদন যথাক্রমে সংযুক্তি I, III এবং IV এর মধ্যে বর্ণনা/প্রকাশ করা হলো।

**ব্যবস্থাপনা শ্রমিক সম্পর্ক:**
সুষ্ঠ উৎপাদনের স্বার্থে মিলে শ্রমিক মালিক সু-সম্পর্ক বজায় থাকা বাঞ্চনীয়। সফকো স্পিনিং মিলস্ লিঃ কর্তৃপক্ষ সর্বদা কোম্পানীর শ্রমিক ও কর্মচারীদের কল্যানের দিকে লক্ষ্য রেখে আসছে। শ্রমিক ও কর্মচারীদের সুস্বাস্থ্যের ও কল্যানমূলক কাজে কোম্পানী সবসময়ই প্রাধান্য দিয়ে আসছেন। প্রশিক্ষনের মাধ্যমে উন্নত ও দক্ষ শ্রমিক গড়ে তোলার দিকে কর্তৃপক্ষ সর্বদা গুরুত্ব দিয়ে আসছে। কর্মকর্তা, কর্মচারী এবং শ্রমিকগন যাতে সুষ্ঠভাবে জীবিকা নির্বাহ করতে পারে সেদিকে বিবেচনা করে চলতি আর্থিক বৎসরে বেতন ভাতাদি পর্যাপ্ত পরিমানে বৃদ্ধি করা হয়েছে। এছাড়া কোম্পানীর শ্রমিক কর্মচারীদের চিকিৎসা ও সামাজিক কারন ও সন্তানদের লেখাপড়ার ব্যাপারে ক্ষেত্র বিশেষে কোম্পানী আর্থিক সহায়তা দান অব্যাহত রেখেছে। শ্রমিক, কর্মচারীদের বিনোদনের জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বিভিন্ন বিনোদনমূলক অনুষ্ঠানের ব্যবস্থা করে আসছে। মিলে বর্তমানে ব্যবস্থাপনা ও শ্রমিকদের মাঝে সুসম্পর্ক বজায় থাকার কারনে উৎপাদনের সুষ্ঠ পরিবেশ বিরাজমান আছে।

**সামাজিক কার্যক্রম:**
যে এলাকার স্থানীয় সুযোগ সুবিধা নিয়ে মিলটি প্রতিষ্ঠিত, সফকো স্পিনিং মিলস্ লিঃ কর্তৃপক্ষ সামাজিক দায়িত্ব হিসাবে এই এলাকার স্থানীয় আর্থ সামাজিক উন্নয়নের দিকে সর্বদা লক্ষ্য রেখে আসছে। এলাকার জনগণের বিভিন্ন অসুবিধায় কিংবা দুর্যোগে সহযোগিতা ছাড়াও এলাকার বিভিন্ন কল্যাণমূলক কাজে মিল কর্তৃপক্ষ প্রয়োজন মত আর্থিক সহযোগিতা দান করে থাকেন। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আর্থিক অনুদান এবং ছাত্র বৃত্তি সহ বিভিন্ন সমাজকল্যানমূলক কাজে কোম্পানী বিশেষ সহযোগীতা করে আসছে। স্থানীয় জনগনের বিভিন্ন সামাজিক অনুষ্ঠান, খেলাধুলা ও বিভিন্ন বিনোদনমূলক অনুষ্ঠানেও কোম্পানী সহযোগীতার হাত প্রসারিত করে আসছে।

**উপসংহার:**
সফকো স্পিনিং মিলস্ লিঃ এর পরিচালনা পর্ষদ কোম্পানীর বিভিন্ন কর্মকান্ডে বিভিন্ন সময়ে নানাভাবে সাহায্য ও সহযোগীতা করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ যেমন- ব্যাংক এশিয়া লিঃ, এনআরবি ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ সহ বিভিন্ন ব্যাংক সমূহ সরকারী ও বেসরকারী দপ্তর সমূহ বিশেষ করে জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা ষ্টক এক্সচেঞ্জ ও চট্টগ্রাম ষ্টক এক্সচেঞ্জ, বিনিয়োগ বোর্ড, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেমস লিঃ, পরিবেশ অধিদপ্তর, গ্রীণ ডেল্টা ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ, স্থানীয় ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ ও স্থানীয় সিভিল ও পুলিশ প্রশাসন সহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেছেন। পর্ষদ বিশেষ ধন্যবাদ জানাচ্ছেন কোম্পানীর সর্বস্তরের কর্মকর্তা,কর্মচারী ও শ্রমিকবৃন্দকে যাদের অক্লান্ত পরিশ্রম ও নিষ্ঠার জন্য সময়ে সময়ে বিভিন্ন প্রতিকুল পরিস্থিতি মোকাবেলা করেও কোম্পানী তার কার্যক্রম সন্তোষজনকভাবে চালিয়ে যাচ্ছে।

পরিশেষে সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের আন্তরিক সমর্থন, মূল্যবান পরামর্শ প্রদান ও সহযোগীতার জন্য পরিচালনা পর্ষদ তাদেরকে আন্তরিক শুভেচ্ছা ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছেন। পরমকরুনাময় আল্লাহ্‌তায়ালার কাছে আগামী বছরগুলোতে কোম্পানীর উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করে উপস্থাপিত প্রতিবেদন সমাপ্ত করা হলো। আল্লাহ্ হাফেজ।

তারিখ:
ঢাকা ২৬ অক্টোবর, ২০১৭ইং

পরিচালকমন্ডলীর পক্ষে
**এস, এ, বি, এম, হুমায়ুন**
ব্যবস্থাপনা পরিচালক